*অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত*
*আলিপুর , দক্ষিণ ২৪ পরগনা*

*উপস্থিত বিচারক মহাশয়* – *শ্রী অমিত সরকার ( **J.O. CODE – WB01103)***
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট **(**আলিপুর**)**

***এম.এক্স:- ১৪১/ ২০২১***

*আদেশ দানের তারিখ:- ইংরাজী ০৮/০৪/২০২৬*

ক্যানিং থানার সংশ্লিষ্ট Warrent executing officer-র বিরূদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারীর প্রতিবেদন (E.R of W/A) দাখিলের জন্য মামলার নথিটির তারিখ ধার্য্য রয়েছে ।

দরখাস্তকারিনী হাজিরা দাখিল পুর্বক ব্যক্তিগত ভাবে আদালতে উপস্থিত আছেন ।

মামলার দরখাস্তকারিনীর তরফের নিয়োজিত মাননীয় আইনজীবি আদালতে উপস্থিত আছেন ।

ক্যানিং থানার S.I. সন্জয় দত্ত আদালতে একটি Report দাখিল করে গ্রেপ্তারী পরোয়ানা জারী প্রক্রিয়া সম্পাদনের জন্য পুনরায় সময় প্রদানের জন্য আদালতের সমীপে প্রার্থনা করেছেন ।

বক্তব্য শোনা হল ।

নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল।

বিবেচণা করা হল।

মামলার নথিদৃষ্টে প্রতীয়মান হচ্ছে যে- ইংরাজী ২৪/০২/২০২৬ তারিখের আদেশানুসারে S.D.P.O. বারুইপুর-কে ক্যানিং থানার সংশ্লিষ্ট Warrent executing officer-র বিরূদ্ধে জারী হওয়া গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) -টি কার্যকর (Execute) করার জন্য আবশ্যকীয় পদক্ষেপ গ্রহনের জন্য নির্দেশ দেওয়া হয়েছিল ।

এমতাবস্থায় ক্যানিং থানার সংশ্লিষ্ট Warrent executing officer-র বিরুদ্ধে জারী হওয়া গ্রেপ্তারী পরোয়ানা (W/A ) -টি কার্যকর (Execute) করার জন্য ইতিমধ্যে কি কি পদক্ষেপ গ্রহন করা হয়েছে সেই মর্মে Report দাখিলের জন্য S.D.P.O. ক্যানিং- কে নির্দেশ দেওয়া হল ।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তরফ থেকে আদালত নির্দেশিত Report প্রাপ্তির পরে মামলার পরবর্তী আদেশ প্রদান করা হবে ।

ইংরাজী ১১/০৫/২০২৬ তারিখ S.D.P.O. ক্যানিং কর্তৃক আদালত নির্দেশিত Report দাখিলের জন্য নির্ধারন করা হল ।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি S.D.P.O. ক্যানিং -কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

| | |
|---|---|
| অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (আলিপুর)<br>আলিপুর | অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (আলিপুর)<br>আলিপুর |